



বার্ষিক প্রতিবেদন
২০২২-২৩

শ্রম কল্যাণ কেন্দ্র, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া
শ্রম অধিদপ্তর
শ্রম ও কর্ম সংস্থান মন্ত্রণালয়

www.lwc.ashuganj.brahmanbaria.gov.bd

বার্ষিক প্রতিবেদন
২০২২-২৩খ্রি:

প্রকাশকাল

অক্টোবর ২০২৩

প্রকাশনায়

শ্রম কল্যাণ কেন্দ্র, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া

নির্দেশনায়

ডা. নভোনীলা দাস

মেডিকেল অফিসার, শ্রম কল্যাণ কেন্দ্র, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া

সম্পাদনায়

জনাব নাঈম আহমেদ

জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা, শ্রম কল্যাণ কেন্দ্র, আশুগঞ্জ,
ব্রাহ্মণবাড়িয়া

শ্রম কল্যাণ কেন্দ্র, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া
শ্রম অধিদপ্তর
শ্রম ও কর্ম সংস্থান মন্ত্রণালয়
www.lwc.ashuganj.brahmanbaria.gov.bd

ভূমিকা

শ্রম কল্যাণ কেন্দ্র, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, ব্রাহ্মণবাড়িয়া জেলাধীন আশুগঞ্জ উপজেলার প্রাণ কেন্দ্র শ্রম অধিসূত্র এলাকায় অবস্থিত। আশুগঞ্জ উপজেলার চরচারতলা ইউনিয়নের ১ নং ওয়ার্ডে ১৯৬২ সালে শ্রম কল্যাণ কেন্দ্রটি প্রতিষ্ঠা লাভ করেছে। প্রতিষ্ঠা লগ্ন থেকেই শ্রম কল্যাণ কেন্দ্র, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের বহুমুখি সেবা প্রদান করে আসছে।

জনবলঃ

| | মঞ্জুরীকৃত পদসংখ্যা | বর্তমানে কর্মরত | শূন্য পদ | মন্তব্য |
|------------|------------------------|--------------------|----------|--|
| ১ম শ্রেণী | ০১ | ০১ | --- | * আয়া শ্রম কল্যাণ কেন্দ্র, টংগী, গাজীপুর হতে সংযুক্ত। |
| ২য় শ্রেণী | ০১ | ০১ | --- | |
| ৩য় শ্রেণী | ০৫ | ০৩ | ০২ | |
| ৪র্থশ্রেণী | ০৫ | ০১ | ০৪ | |
| সর্বমোট | ১২ | ০৭* | ০৫ | |

সেবা প্রদানের ক্ষেত্র সমূহ

শ্রম কল্যাণ কেন্দ্র, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া একটি সেবা মূলক প্রতিষ্ঠান। শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের যে সব সেবা প্রদান করা হয়ে থাকে তা হল:

- ১। স্বাস্থ্য সেবা,
- ২। পরিবার পরিকল্পনা সেবা,
- ৩। প্রশিক্ষণ সেবা
- ৪। চিত্ত বিনোদন সেবা ও শ্রমিকদের জীবনমান উন্নয়ন।

২০২২-২৩ অর্থ বছরে বিভিন্ন খাতের অর্জন

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | ২০২২-২৩ অর্থ বছরের অর্জন |
|---|---|---|-------------|--------|--------------------------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| [১] শ্রমিকদের কল্যাণ জোরদার করা | [১.১] শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের বিনামূল্যে স্বাস্থ্য সেবা প্রদান। | [১.১.১] স্বাস্থ্যসেবা গ্রহণকারী শ্রমিক ও তাদের পরিবারের সদস্য | সমষ্টি | সংখ্যা | ৮০৬০ |
| | [১.২] শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের পরিবার পরিকল্পনা সেবা প্রদান। | [১.২.১] পরিবার পরিকল্পনা সেবা গ্রহণকারী শ্রমিক ও তাদের পরিবারের সদস্য | সমষ্টি | সংখ্যা | ১৩৩৩ |
| [২] দক্ষ শ্রমশক্তি সৃষ্টি ও শ্রম অধিকার বিষয়ক সচেতনতা বৃদ্ধি | [২.১] শিল্প কারখানা ও প্রতিষ্ঠানের শ্রমিক / কর্মচারীদের শ্রম আইন, শ্রমিকের অধিকার ও দায়িত্ব, উৎপাদনশীলতা, কর্মপরিবেশ, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান | [২.১.১] প্রশিক্ষণ প্রাপ্ত জনবল | সমষ্টি | সংখ্যা | ২৪৫ |
| | [২.২] শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের চিত্তবিনোদন সেবা প্রদান | [২.২.১] চিত্তবিনোদন সেবা গ্রহণকারী শ্রমিক ও তাদের পরিবারের সদস্য | সমষ্টি | সংখ্যা | ৪৪১৩ |
| [৩] প্রাতিষ্ঠানিক কার্যক্রম সম্পাদন | [৩.১] পেনশন কেইস নিষ্পত্তি | [৩.১.১] পেনশন কেইস নিষ্পত্তিকৃত | গড় | % | ১০০% |

২০২২-২৩ অর্থ বছরে শ্রম কল্যাণ কেন্দ্র, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়ায় জাতীয় দিবস সমূহ যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়েছে। জাতীয় দিবস সমূহ উদযাপন উপলক্ষে কোন কোন কার্যক্রম উপজেলাপ্রশাসন, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়াএর সাথে সম্মিলিতভাবে বাস্তবায়ন করা হয়েছে।

১৮ অক্টোবর ২০২২ খ্রিঃ তারিখে শেখ রাসেল দিবস উদযাপনের অংশ হিসেবে একটি ফ্রি মেডিকেল ক্যাম্প আয়োজন করা হয়। উক্ত ক্যাম্পে শ্রমিক ও তার পরিবারের সদস্য, অসহায়, দুস্থ, প্রতিবন্ধী ও প্রবীণ নাগরিকগণকে স্বাস্থ্য সেবা প্রদান করেন ডা. নভোনীলা দাস, মেডিকেল অফিসার, শ্রম কল্যাণ কেন্দ্র, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

এছাড়া ২০২২-২৩ অর্থ বছরে যে সব কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার মধ্যে রয়েছে মহিলাদের জন্য পৃথক ওয়াশ রুম, দপ্তরের পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, সেবা প্রাপ্তিতে প্রতিবন্ধী ও প্রবীণ নাগরিকদের অগ্রাধিকার নিশ্চিতকরণ ইত্যাদি। তাছাড়া বছরের বিভিন্ন সময় অংশিজন ও দপ্তরে কর্মরত কর্মচারী/কর্মকর্তাগণকে স্বাস্থ্য বিধি অনুসরণে বিশেষভাবে উৎসাহ প্রদান করা হয়েছে।

সেবা প্রাপ্তিতে আশুগঞ্জ উপজেলায় থাকা চারশত এর বেশি চাতালকলের শ্রমিক, আশুগঞ্জ, বন্দরের শত শত নৌজান শ্রমিকসহ বিভিন্ন খাতের শ্রমজীবী মানুষের অন্যতম ভরসার স্থল শ্রম কল্যাণ কেন্দ্র, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।